

**আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন উপলক্ষে উপাচার্যের সাথে  
ইতিহাস বিভাগের সৌজন্য সাক্ষাৎ**



ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং ভারতের কলকাতায় অবস্থিত মাওলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিজ এর যৌথ আয়োজনে ‘ দক্ষিণ এশিয়ায় রাষ্ট্র এবং সমাজ : ঐতিহাসিক পরিপ্রেক্ষিত’ (International Conference on State and Society in South Asia: A Historical Perspective) বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স আগামী (১৫-১৬) মার্চ, ২০১৯ তারিখে কেন্দ্রীয় মিলনায়তন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে আজ (১১ মার্চ, ২০১৯-সোমবার) উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে আন্তর্জাতিক কনফারেন্স আয়োজক কমিটির আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম, ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন সহ অন্যান্য শিক্ষকবৃন্দ সৌজন্য সাক্ষাত করেন।



উল্লেখ্য আন্তর্জাতিক কনফারেন্স দুইদিন ব্যাপি অনুষ্ঠানের প্রথম দিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বাংলাদেশ এর চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান। আরো উল্লেখ কনফারেন্সে দেশী বিদেশী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ প্রায় অর্ধ শতাধিক প্রবন্ধ উপস্থাপন করবেন।